"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২৫ এপ্রিল ২০২৪**

# নিয়োগ বিজ্ঞপ্তি

**বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)**
মিরপুর সেনানিবাস, ঢাকা- ১২১৬

স্মারক নং-২৩.০১.৯০২.৮৫৮.১৪.৭৮৬.১০/নিয়োগ-৪৩ ২৮ মার্চ ২০২৪

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)-এ নিম্নেবর্ণিত স্থায়ী পদসমূহে জরুরী ভিত্তিতে জনবল নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে:

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল/গ্রেড এবং বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | **সেকশন অফিসার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর (সর্বোচ্চ) | **শিক্ষাগত যোগ্যতা:** স্নাতকোত্তর ডিগ্রিধারী। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণি/বিভাগ থাকিতে হইবে এবং শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেল) পাইতে হইবে। উচ্চতর ডিগ্রি/ প্রশিক্ষণ/ কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ২। | **অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/সফটওয়ার ইঞ্জিনিয়ারিং/আইসিটি-এ বিএসসি। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণি/বিভাগ থাকিতে হইবে এবং শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেল) পাইতে হইবে। স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্য অগ্রাধিকারযোগ্য। |
| ৩। | **রিসার্চ অফিসার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/-(গ্রেড-৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী/ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রিধারী। সনাতন পদ্ধতিতে ন্যূনতম দুইটি প্রথম শ্রেণি/বিভাগ থাকিতে হইবে এবং শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হইবে না। জিপিএ পদ্ধতিতে এসএসসি ও এইচএসসি পরীক্ষার ক্ষেত্রে ৪.০০ (৫.০০ স্কেল) এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সিজিপিএ ৩.০০ (৪.০০ স্কেল) পাইতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/ শিক্ষা জীবনে অধিকতর উত্তম ফলাফল অর্জনকারী /কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br><br>(খ) স্বীকৃত কোন গবেষণা প্রতিষ্ঠানে পূর্ব অভিজ্ঞতা এবং স্বীকৃত জার্নালে প্রকাশনা থাকিলে অগ্রাধিকার প্রদান করা হইবে। |
| ৪। | **জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ১৬০০০-৩৮৬৪০/-(গ্রেড-১০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সাইন্স/ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ সফটওয়ার ইঞ্জিনিয়ারিং/ আইসিটি-এ ডিপ্লোমাধারী। স্নাতক ডিগ্রিধারী অগ্রাধিকারযোগ্য। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা সিজিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ৫। | **অফিস সহকারী কাম ডাটা প্রসেসর**<br>পদের সংখ্যা: ০২ জন<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স:৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** যেকোন বিষয়ে স্নাতক/ডিগ্রি। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** টাইপিং এ প্রতিমিনিটে বাংলায় ২০, ইংরেজিতে ২৮ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন, এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে। |
| ৬। | **মেডিকেল অ্যাসিস্ট্যান্ট (পুরুষ)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স:৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি পাসসহ হেলথ টেকনোলজিতে ট্রেড কোর্সসম্পন্ন। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী হতে হবে। সামরিকবাহিনী হইতে অবসরপ্রাপ্ত যোগ্যতাসম্পন্ন সদস্য অগ্রাধিকারযোগ্য এবং বয়সসীমা ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৭। | **ড্রাইভার**<br>পদের সংখ্যা: ০২ জন<br>বেতন স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর (সর্বোচ্চ) | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/সমমান পাস।<br><br>(খ) **অভিজ্ঞতা:** বিআরটিএ হইতে লাইসেন্সসহ হালকা ও ভারী গাড়ি (উভয় ক্ষেত্রে) চালনায় ন্যূনতম ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অবসরপ্রাপ্ত সামরিক বাহিনীর চালকের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৫০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ৮। | **ল্যাব অ্যাটেনডেন্ট**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) শিক্ষাগত যোগ্যতা: এইচএসসি/সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাস। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) অভিজ্ঞতা: সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |

| | | |
|---|---|---|
| ৯। | **অ্যাসিস্ট্যান্ট স্টোর কিপার**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এইচএসসি/ সমমান পরীক্ষায় পাস। কম্পিউটারে অফিস (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট) প্রোগ্রামে পারদর্শী হইতে হইবে। শিক্ষাজীবনে কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী হতে হবে। |
| ১০। | **ইলেকট্রিশিয়ান**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/ সমমান পরীক্ষায় পাস। সংশ্লিষ্ট ট্রেডে ট্রেড লাইসেন্স ও 'সি' লাইসেন্সধারী হইতে হইবে।<br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৭ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।<br>অথবা<br>(ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি পাস/সমমান/এসএসসি ভোকেশনাল পাস। সংশ্লিষ্ট ট্রেডে ট্রেড লাইসেন্স ও 'সি' লাইসেন্সধারী হইতে হইবে।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ১১। | **অ্যাসিস্ট্যান্ট কুক**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ৮৫০০-২০৫৭০/-(গ্রেড-১৯)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** জেএসসি/ সমমান পরীক্ষায় পাস।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ১২। | **মেসওয়েটার (পুরুষ)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে ০৪ বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। |
| ১৩। | **অ্যাটেনডেন্ট (মহিলা)**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স : ৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি/ সমমান পরীক্ষায় পাস। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। |
| ১৪। | **অফিস সহায়ক**<br>পদের সংখ্যা: ০১ জন<br>বেতন স্কেল : ৮২৫০-২০০১০/-(গ্রেড-২০)<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫)<br>বয়স: ১৮-৩০ বৎসর | (ক) **শিক্ষাগত যোগ্যতা:** এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। ৩য় শ্রেণি/বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নিচে গ্রহণযোগ্য হইবে না।<br><br>(খ) **অভিজ্ঞতা:** সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |

শর্তাবলি :

**১। প্রার্থীদের দরখাস্ত স্বহস্তে পূরণ করিয়া আগামী ২৫ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে (০৮০০ হতে ১৪৩০ ঘটিকা) 'রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, মিরপুর, ঢাকা-১২১৬' এই ঠিকানায় ডাকযোগে পৌছাইতে হইবে।**

২। ক্রমিক ১ হতে ৪-এ উল্লেখিত পদের জন্য ফরম নং- ২ ও ক্রমিক ৫ হতে ১৪-এ উল্লেখিত পদের জন্য ফরম নং-৩ প্রযোজ্য। বিইউপির ওয়েবসাইট www.bup.edu.bd/Career লিংক-এ প্রবেশ করে ARCHIVE এর Form হইতে ফরম ডাউনলোড করিয়া আবেদন করিতে হইবে।

৩। 'রেজিস্ট্রার, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি)'-এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে ৯ম গ্রেডের পদের জন্য ৬০০.০০, ১০ম গ্রেডের পদের জন্য ৫০০.০০, ১৩তম হতে ১৬তম গ্রেডের পদের জন্য ২০০.০০ এবং ১৭তম হতে ২০তম গ্রেডের পদের জন্য ১০০.০০ টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করিতে হইবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য হইবে না)। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করিতে হইবে। পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি প্রেরণ না করিলে আবেদনপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

৪। কর্মকর্তা পদের জন্য সদ্যতোলা ০৭কপি এবং অন্যান্য পদের জন্য ০৫ কপি পাসপোর্ট সাইজের ফর্মাল রঙিন ছবি (সাদা ব্যাকগ্রাউন্ডযুক্ত) সত্যায়িতসহ সংযুক্ত করিতে হইবে।

৫। সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট, মার্কশিট এবং সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানের নিকট হইতে প্রশংসাপত্রের অনুলিপি সত্যায়িতসহ সংযুক্ত করিতে হইবে।

৬। অভিজ্ঞতা সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।

**৭। জাতীয় পরিচয়পত্র এবং জাতীয়তার সনদপত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।**

৮। বিদেশি শিক্ষাপ্রতিষ্ঠান হইতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক প্রদত্ত ডিগ্রি সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে।

৯। মুক্তিযোদ্ধা কোটাধারীদের ক্ষেত্রে বয়সসীমা ০২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। **বিইউপিতে কর্মরত বিভাগীয় প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে জেলা কোটা এবং বয়সসীমা প্রযোজ্য নহে।**

**১০। খামের উপর প্রার্থীত পদের নাম ও নিজ জেলা উল্লেখ করিতে হইবে।**

**১১। কর্মকর্তা পদের জন্য ০৭ সেট (ক্রমিক ১ হতে ৪-এ উল্লেখিত পদ) ও অন্যান্য পদের ক্ষেত্রে ০৫ সেট আবেদনপত্র (প্রযোজ্য সকল কাগজপত্রসহ) A4 সাইজের খামে দাখিল করিতে হইবে।**

১২। চাকুরিরত প্রার্থীদের তাদের স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

১৩। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।

১৪। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর কোনো ধরনের সুপারিশ অযোগ্যতা হিসেবে গণ্য হইবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সংবলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১৬। শর্ট লিস্টেড প্রার্থীদের লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষার তারিখ ডাকযোগে পত্র মারফত/মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হইবে।

১৭। **কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদসমূহের পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।**

১৮। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ অনুযায়ী অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) শর্ত পূরণ করিতে হইবে।

১৯। কোনো পরীক্ষায় ফলাফল প্রত্যাশী (অ্যাপিয়ার্ড) থাকলে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

২২। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি আবেদনের সহিত সংযুক্ত করিতে হইবে। কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা অনুসরণ করা হইবে।

২১। জেলা কোটাঃ **ক্রমিক নং ০১ হতে ০৭ ব্যতীত অন্যান্য পদসমূহের আবেদনকারীরা যে সকল জেলা হইতে আবেদন করিতে পারিবেন :**

ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, রাজবাড়ী, পাবনা, শরীয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোনা, টাঙ্গাইল, শেরপুর, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, বি-বাড়ীয়া, ফেনী, পঞ্চগড়, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, চুয়াডাঙ্গা, মাগুরা, কুষ্টিয়া, ভোলা, ঝালকাঠি, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।

রেজিস্ট্রার
বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস